সংবাদ

তারিখ ... 3 AUG 2017 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪ ...

শিক্ষা প্রতিষ্ঠানে

# কোন কাজে ঘুষ না দেয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কোন অধিদফতর বা শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে কোথাও ঘুষ না দেয়ার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'শিক্ষা মন্ত্রণালয়ের কোন কাজে কোথাও ঘুষ দিবেন না। দালাল চক্রের কথা শুনবেন না। কেউ এ ধরনের কাজ করলে তাকে ধরিয়ে দিন।'

মন্ত্রী গতকাল ঢাকায় শিক্ষাভবনে পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতরের (ডিআইএ) শেখ রাসেল স্মৃতি সম্মেলন কেন্দ্রে অধিদফতরের ই-ফাইলিং ও গণশুনানি কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ আহ্বান জানান। শিক্ষামন্ত্রী বলেন, 'ঘুষ-দুর্নীতি করলে কাউকে ছাড় দেয়া হবে না। এক্ষেত্রে জিরো টলারেন্স নীতি নেয়া হয়েছে। যারা ভালো কাজ করবে তাদের পুরস্কৃত করা হবে এবং শিক্ষা : পৃষ্ঠা : ২ ক : ৩

## শিক্ষা : প্রতিষ্ঠানে

(১৬ পৃষ্ঠার পর)

দুর্নীতির সঙ্গে যাদের সংশ্লিষ্টতা পাওয়া যাবে তাদের সর্বনাশ হবে।'

তিনি বলেন, প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়াতে হবে। এজন্য ই-ফাইলিং ব্যবস্থা চালু হচ্ছে। প্রযুক্তি ব্যবহারের ফলে কোথাও ফাঁকি দেয়া যাবে না। কাজে স্বচ্ছতা থাকবে। দেশের ৩৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠান এর আওতায় আসবে। শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন কাজকে আরও গতিশীল করার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, 'গত কয়েক বছরে আমরা ঘুষ-দুর্নীতি কমিয়ে আনতে সক্ষম হয়েছি।'

ডিআইএ'র পরিচালক প্রফেসর আহাম্মেদ সাজ্জাদ রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের পরিচালক (ই-সার্ভিস) ড. আবদুল মান্নান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্মসচিব আহমদ শামীম আল রাজী বক্তব্য রাখেন। ডিআইএ'র ই-ফাইল ও গণশুনানি বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন এর যুগ্ম পরিচালক বিপুল চন্দ্র সরকার।

পরে শিক্ষামন্ত্রী ই-ফাইল ও গণশুনানি কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। এ সময় তিনি দেশের বিভিন্ন জেলার ১১টি শিক্ষা প্রতিষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলেন। এসব প্রতিষ্ঠানে ডিআইএর কর্মকর্তাদের কাজের মান সম্পর্কে জানতে চান। প্রতিষ্ঠান প্রধান, ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ স্কুলের শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এ সময় শিক্ষামন্ত্রীর সঙ্গে কথা বলেন এবং তাদের মতামত জানান।